



রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
(An Enterprise of BREB)
প্লট-৫২, রোড-২১, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
মানবসম্পদ ও প্রশাসন বিভাগ
www.rpcl.gov.bd

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ২৭.২৬.০০০০.০০০.০০৫.০৩.০০৩১.২৫.২০৫

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল)-এ সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল) পদে জনবল নিয়োগের লক্ষ্যে গত ২৮/০৩/২০২৫ তারিখে 'নিয়োগ বিজ্ঞপ্তি' প্রকাশিত হয়। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে আবেদনকারী প্রার্থীদের গত ২৪/০১/২০২৬ তারিখে নৈর্ব্যক্তিক পরীক্ষা (MCQ Test) গ্রহণ করা হয়। উক্ত নৈর্ব্যক্তিক পরীক্ষায় (MCQ Test) উত্তীর্ণ সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) পদের প্রার্থীদের নিম্নবর্ণিত সময়সূচি এবং স্থান অনুযায়ী লিখিত পরীক্ষা (Written Test) ও মৌখিক পরীক্ষা (Viva-Voce) গ্রহণ করা হবেঃ

ক্রম. নং.	পদের নাম	লিখিত পরীক্ষা (Written Test) ও মৌখিক পরীক্ষা (Viva-Voce) অনুষ্ঠানের স্থান ও সময়
১।	সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)	তারিখঃ ০৭/০৩/২০২৬ খ্রি., রোজ শনিবার পরীক্ষা শুরুর সময়ঃ বেলা ১১:০০ ঘটিকা স্থানঃ আরপিসিএল কর্পোরেট অফিস (এশিয়ান টাওয়ার), প্লট নং-৫২, রোড নং-২১, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

লিখিত পরীক্ষায় (Written Test) অংশগ্রহণকারী প্রার্থীদের জন্য পালনীয় সাধারণ নির্দেশনাবলীঃ

- পরীক্ষার সময় সকল পরীক্ষার্থীকে টেলিটক কর্তৃক ইস্যুকৃত প্রবেশপত্র (রঙিন প্রিন্ট) অবশ্যই সাথে আনতে হবে এবং পরীক্ষা চলাকালীন পরিদর্শককে তা প্রদর্শন করতে হবে। উল্লেখ্য, নৈর্ব্যক্তিক (MCQ) পরীক্ষার জন্য ইস্যুকৃত প্রবেশপত্র লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবে।
- প্রবেশপত্রের ছবির সাথে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত পরীক্ষার্থীর চেহারার মিল থাকতে হবে। মিল না থাকলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- পরীক্ষার হলে মোবাইল ফোন/কোন ধরনের ক্যালকুলেটর/ডিজিটাল ওয়াচ বা অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস বহন করা যাবে না।
- পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে।
- পরীক্ষার হলে অনৈতিক বা অসদাচরণের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- লিখিত পরীক্ষার ফলাফল আরপিসিএল-এর নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় বাছাইকৃত প্রার্থীদের একই দিনে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের জন্য সাধারণ নির্দেশনাবলীঃ

- টেলিটক কর্তৃক ইস্যুকৃত প্রবেশপত্র ও আবেদনের কপি (১ কপি করে),
- সকল শিক্ষাগত সনদ এর মূলকপিসহ ০১ (এক) সেট করে ফটোকপি,
- অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর মূলকপিসহ ০১ (এক) সেট করে ফটোকপি,
- এনআইডি ও নাগরিকত্ব সনদ এর মূলকপিসহ ০১ (এক) সেট করে ফটোকপি,
- সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সাথে আনতে হবে।

উল্লেখ্য, পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ধরনের টিএ/ডিএ প্রদান করা হবে না।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

২৬-০২-২০২৬
কামাল হোসেন

মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন) অঃ দাঃ
ইমেইল : gmhr@rpcl.gov.bd

নম্বর: ২৭.২৬.০০০০.০০০.০০৫.০৩.০০৩১.২৫.২০৫/১ (১)

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে):

আইসিটি সেল, আরপিসিএল, ঢাকা।



১৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

২৬-০২-২০২৬
মির্জা আব্দুল্লাহ আল মামুন
ব্যবস্থাপক (মানবসম্পদ)